গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ‘নভেম্বর ২০২২’ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	আবদুন নূর মুহাম্মদ আল ফিরোজ ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৭ নভেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ টা
স্থান	ট্রাস্ট’র সম্মেলন কক্ষ
উপস্থিতি	“ক”

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) গত ৩১ অক্টোবর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত অক্টোবর মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ এবং আলোচ্যসূচিভূক্ত বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	কার্যবিবরণী নিশ্চিতকরণ	ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, গত মাসের কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট ই-নথিতে প্রেরণ করা হয়েছে। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), কার্যবিবরণীর ০৩ নং সিদ্ধান্ত অংশে জ্বালানী খরচ ২৯% এর স্থলে ৭.৭% হবে মর্মে জানান। আর কোন সংশোধনীর সুপারিশ না পাওয়ায় কার্যবিবরণী নিশ্চিতকরণের সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয়।	অক্টোবর, ২০২২ মাসের কার্যবিবরণীর ০৩ নং কলামভূক্ত আলোচ্যসূচি অংশে জ্বালানী খরচ ২৯% এর স্থলে ৭.৭% সাশ্রয় হয় মর্মে সংশোধন করা হয়। এছাড়া অন্যান্য বিষয়ে কোন সংশোধন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

০২.	শাখা পরিদর্শন	সচিবালয় নির্দেশমালা, ২০১৮ অনুযায়ী প্রত্যেক শাখা কর্মকর্তা কর্তৃক নিজ নিজ শাখা পরিদর্শনের নির্দেশনার আলোকে চলতিমাসে ট্রাস্টের প্রশাসন এবং সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র আইসিটি শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদ্বয়স্বীয়শাখা পরিদর্শনপূর্বক পৃথক দুটি প্রতিবেদন পেশ করেছেন এ কার্যক্রমটি একটি নিয়মিত কাজের অংশ হিসেবে সকল শাখা কর্মকর্তা পর্যায়ক্রমে প্রতি ২ (দুই) মাসে নিজ নিজ শাখা পরিদর্শনের কাজ অব্যাহত রাখার অভিমত ব্যক্ত করে। এ পর্যায়ে ডিসেম্বর ২০২২ মাসে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র পরিকল্পনা ও উন্নয়ন শাখা এবং HSP'র প্রশিক্ষণ শাখা পরিদর্শন সম্পন্ন করার ব্যবস্থা নেয়া যেতে পারে। নথিতে এ সংক্রান্ত বিবরণ সংরক্ষণ করার মাধ্যমে বিভিন্ন শাখার পর্যায়ক্রমিক পরিদর্শন সূচি'র কর্মপরিকল্পনা প্রদান ও সংরক্ষণ করা প্রয়োজন।	ক) প্রত্যেক শাখা কর্মকর্তা প্রতি ০২ (দুই) মাস অন্তর ০১ (এক) বার করে পর্যায়ক্রমে শাখা পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখবেন। খ) শাখা পরিদর্শনের তথ্যাদির একটি পর্যায়ক্রমিক কর্ম-পরিকল্পনা প্রনয়ন প্রদান করতে হবে। গ) ডিসেম্বর-২০২২ এ ২ টি শাখা যথাক্রমে ট্রাস্টের পরিকল্পনা ও উন্নয়ন এবং HSP- এর প্রশিক্ষণ শাখার কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। ঘ) শাখা পরিদর্শন প্রতিবেদন প্রতি মাসের ২০ তারিখের মধ্যে ট্রাস্টের প্রশাসন শাখায় জমা প্রদান করবেন।	সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) PMEAT, এবং সহকারী পরিচালক (প্রশিক্ষণ), HSP এবং সংশ্লিষ্ট সকল শাখা কর্মকর্তা
০৩.	বিদ্যুৎ এবং জ্বালানি সাশ্রয়	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখার ২১ জুলাই ২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৫৩.১৭-৯৩ নং স্মারক অনুযায়ী গাড়ির জ্বালানীর মাসিক প্রাপ্যতা বিদ্যমান সিলিং হতে ২০% হ্রাস এবং বিদ্যুৎ ক্ষেত্রে ২৫% সাশ্রয় করার নির্দেশনা পাওয়া যায়। সেই পরিপ্রেক্ষিতে আগস্ট ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ০৩ মাসে গড় জ্বালানি সাশ্রয়ের পরিমাণ ১৮.০২% এবং জুন ২০২২ মাসের তুলনায় আক্টোবর ২০২২ মাসে বিদ্যুৎ সাশ্রয়ের পরিমাণ ৪৭% হয়েছে।	জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহার সাশ্রয়ে সর্বশেষ নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ খাতে (২৫%) এবং জ্বালানি ব্যয়ে (২০%) সাশ্রয়েরধারা অব্যাহত থাকবে। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপন করবেন।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ট্রাস্ট এবং HSP
০৪.	ছুটি সংক্রান্ত	ট্রাস্টের পরিচালক সভাকে অবহিত করেন যে, ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ব্যবহারের জন্য 'ই-ছুটি ম্যানেজমেন্ট' সিস্টেমটি প্রস্তুত করা হয়েছিল। কিন্তু 'ই ভর্তি সহায়তা' অনলাইন আবেদন শুরু হলে স্পেস জটিলতায় 'ই-ছুটি ম্যানেজমেন্ট' সিস্টেমটি স্বল্পকালীন বন্ধ রাখা হয়। বর্তমানে 'ই ভর্তি সহায়তা' অনলাইন আবেদন সম্পন্ন হওয়ায় 'ই-ছুটি ম্যানেজমেন্ট' টি পুনরায় চালু করা যেতে পারে।	ট্রাস্টের 'ই-ছুটি ম্যানেজমেন্ট' সিস্টেমটি অবিলম্বে চালু করে ছুটি বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।	কর্মকর্তা/কর্মচারী (সকল) ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
০৫.	ই-নথি সংক্রান্ত	ই-নথি কার্যক্রমেরপূর্ণাঙ্গব্যবহারের জন্য অন্য উৎস থেকে প্রেরিত/প্রাপ্তকোন পত্র ই-নথিতে সরাসরি নথিজাত না করে শাখা কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যেম নথিতে নিষ্পত্তি করা যেতে পারে। পাশাপাশি হার্ডকপিতে প্রাপ্ত পত্রসমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারীর মাধ্যমে স্ক্যান করে ই-নথিতে উপস্থাপন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	হার্ডকপিতে প্রাপ্ত বিষয়াদি (ব্যক্তিগত এবং দাপ্তরিকভাবে প্রাপ্ত) স্ক্যান করে ই-নথিতে upload করতে হবে এবং ই-নথি কার্যক্রম চলমান রাখতে হবে।	শাখা কর্মকর্তা এবং ব্যবস্থাপনা পরিচালকের এঁর ব্যক্তিগত সহকারী

০৬.	স্বাস্থ্য বিধি ও পরিস্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত	ট্রাস্টের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভায় জানান যে, কোভিড-১৯ এবং ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। এ বিষয়ে সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন এবং ট্রাস্ট অফিসের আশেপাশে পরিস্কার ও পরিচ্ছন্নতা রাখার বিষয়ে সচেতন থাকতে হবে। ট্রাস্ট অফিসের আঙ্গিণায় রক্ষিত পুরাতন ট্রান্ক অপসারনের জন্য এনটিআরসিএ বরাবর পুনরায় পত্র প্রেরণ করা যেতে পারে।	ক) সকল কর্মকর্তা/কর্মচারীকেপরিস্কার ও পরিচ্ছন্নপরিবেশ বজায় রাখারবিষয়ে সচেতন এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। খ) ট্রাস্ট অফিসের আঙ্গিণায় রক্ষিত পুরাতন ট্রাঙ্ক অপসারনের জন্যএনটিআরসিএ বরাবর তাগিদ পত্র প্রেরণ করতে হবে।	কর্মকর্তা/কর্মচারী (সকল) এবং সহকারী পরিচালক (প্রশাসন)
০৭.	উপবৃত্তি ও টিউশন ফি সংক্রান্ত	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি’র প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, HSP এর MIS সিস্টেমে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পাসওয়ার্ড পুনরুদ্ধারের জন্য টেলিটক লিমিটেড হতে মেসেজ ক্রয় করা হয়েছে। OTP প্রেরণের জন্য HSP এর MIS সিস্টেম ও টেলিটক অপারেটর এর মধ্যে ইন্টিগ্রেশনে কাজটি আইবাস++ কর্তৃক দ্রুত সম্পাদনের জন্য আইবাস++ কে পত্র প্রেরণ করা প্রয়োজন।	এইচএসপি’র MIS সফটওয়্যারে Login Password সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পুনরুদ্ধারের জন্য OTP ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে টেলিটক লিমিটেড এর সাথে HSP MIS এর ইন্টিগ্রেশন করার জন্য আইবাস++ -কে পত্র প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ ও প্রোগ্রামার, HSP
০৮.	সাধারণ ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত	ট্রাস্টের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভায় উপস্থাপন করেন যে, ট্রাস্টের স্থায়ী কর্মকর্তা/র্মচারীদের সাধারণ ভবিষ্যৎ তহবিল সংক্রান্ত জটিলতার সৃষ্টি হওয়ায় তা সমাধান না হওয়া পর্যন্ত তাদের জিপিএফএ কর্তন বন্ধ রাখতে আবেদন প্রদান করেন। বর্তমানে যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ আইবাস+ + এর মাধ্যমে বেতন-ভাতাদি গ্রহণ করছেন তাদের জিপিএফএ কর্তন বন্ধ রেখে বেতন-ভাতাদি প্রদানের সুযোগ নেই।	আইবাস++ এর মাধ্যমে জিপিএফ কর্তন বন্ধ রেখে বেতন ভাতাদি প্রদানের সুযোগ না থাকায় অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা মোতাবেক সর্বনিম্ন (৫%) কর্তন করে বেতন প্রদান করা যেতে পারে এবং ট্রাস্টের স্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থ উত্তোলন সংক্রান্ত জটিলতা দ্রুত নিস্পত্তি করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে দ্রুত সমাধানের ব্যবস্থা করবেন।	
০৯.	কর্ম প্রতিবেদন সংক্রান্ত	স্কিম পরিচালক সভায় জানান যে, পূর্বের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তঅনুযায়ীনির্ধারিত ছকে প্রতি মাসের ১ম সপ্তাহে স্কিমের কর্মকর্তাগণ বিগত মাসের কাজের প্রতিবেদন পেশ করেছেন।নির্ধারিত ছক অনুযায়ী প্রতিবেদন দাখিলের ধারা অব্যাহত রাখার বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। তাছাড়া, দাখিলকৃত প্রতিবেদন বিশ্লেষণ করে গুরুত্বপূর্ণ বিষয়াদি উপস্থাপন করা প্রয়োজন।	‘সমন্বিত উপবৃত্তি কর্মসূচি’এর প্রত্যেক কর্মকর্তা হতে প্রেরিত প্রতিবেদন এর তথ্যাদি বিশ্লেষণপূর্বক প্রতিমাসে ব্যবস্থাপনা পরিচালকের দপ্তরে দাখিল করবেন।	স্কিম পরিচালক সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবদূন নূর মুহাম্মদ আল ফিরোজ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৮৮

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯
৩০ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী (সকল)

২) কর্মকর্তা/কর্মচারী (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

আশ্রাফুল মামুন
সহকারী পরিচালক